

ঢাকা, সোমবার ০১ এপ্রিল ২০২৪, চৈত্র ১৭ ১৪৩০

একুশে একুশে টেলিভিশন লিমিটেড
E/TV Ekushey Television Limited
পরিবর্তনে অঙ্গিকারবদ্ধ
(<https://www.ekushey-tv.com/>)


🏠 প্রচ্ছদ / বিশেষ ব্যক্তিত্ব

‘শ্রমিকরাও ছিলেন আনিসুলের বন্ধু’

✍️ আলী আদনান, নোয়াখালীর কবিরহাট থেকে

🕒 প্রকাশিত : ০৭:৩১ পিএম, ২ ডিসেম্বর ২০১৭ শনিবার





শ্রমিকরা ছিলেন সদ্য প্রয়াত মেয়র আনিসুল হকের বন্ধু। তিনি খুবই মিশুক প্রকৃতির ছিলেন। সবার নিয়মিত খোঁজ-খবর রাখতেন। জেবল হক নামে মধ্যবয়স্ক হকের স্মৃতিচারণ করতে গিয়ে এসব কথা বলেন।

২০০০ সালে আনিসুল হকের সোয়েটার ফ্যাক্টরিতে চাকরি নেন নোয়াখালীর অধিবাসী জেবল হক। ওই সময়ের স্মৃতিচারণ করে তিনি বলেন, ‘আমি চাকরির জন্য দুই দিন তার বাসায় মেহমান হিসেবে থাকি। পরের দিন তিনি গাড়িতে করে আমাকে তার খিলক্ষেত ফ্যাক্টরিতে নিয়ে যান। দাঁড়িয়ে থেকে অফিসের নিয়ম অনুযায়ী কাজ করেন।’

জেবল হক আরও জানান, একটি গ্রুপের চেয়ারম্যান নিজের গাড়িতে করে সাধারণ একজন শ্রমিককে নিয়ে দাঁড়িয়ে থেকে নিয়োগের ব্যবস্থা করা দুর্লভ ঘটনাই বটে আনিসুল হককে একজন শ্রমিকবান্ধব মালিক আখ্যা দিয়ে জেবল হক আরও বলেন, তিনি খুবই মিশুক ছিলেন। শ্রমিকরা ছিলেন তার বন্ধুর মতো। ফ্যাক্টরিতে এ বুলিয়ে জিজ্ঞেস করতেন, ‘বাবা, ভালো আছো তো?’

স্মৃতিচারণ করতে গিয়ে জেবল হক কেঁদে বলেন, আমাদের আর কেউ এই কথা জিজ্ঞেস করবেন না।

উল্লেখ, বিশিষ্ট ব্যবসায়ী ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের সদ্য প্রয়াত মেয়র আনিসুল হককে আজ শনিবার বিকালে বনানী কবরস্থানে দাফন করা হয়েছে।

/ডিডি/ এআর